।।। পরম করুণাময়,
অসীম দয়ালু আল্লাহর নামে ।।।

"স্বপ্ন আপনার, পথ দেখাব আমরা"

# এ. এম. ইসলামিক মডেল স্কুল

(মিশন)

[ আবাসিক / অনাবাসিক শিক্ষা প্রতিষ্ঠান ]

বলগোনা চটি, বলগোনা-গুসকরা রোড, ভাতার, পূর্ব বর্ধমান, পঃ বঃ-৭১৩৫২০

ঃ পরিচালনায় ঃ

## বলগোনা তাজ এডুকেশন এ্যান্ড ওয়েলফেয়ার সোসাইটি

(গভ. রেজি. নং : এসও-১৪১৪৩৭, স্থাপিত : ২০০৬)

*Prospectus*

আয়কর আইন, ১৯৬১ এর 80G ও 12AA এর অধীনে নিবন্ধভুক্ত একটি সংস্থা

নবম বর্ষ

প্রতিষ্ঠাতা প্রেসিডেন্ট : মরহুম আলহাজ মান্নান মন্ডল সাহেব

নার্সারি থেকে দশম শ্রেণি (মাধ্যমিক) পর্যন্ত

## শিক্ষাবর্ষ-২০২৫

আবাসিক প্রথম শ্রেণি থেকে দশম শ্রেণির ছাত্র-ছাত্রীদের জন্য

93323 46657 / 70014 05980 / 93323 08079 / 96798 31763  WhatsApp: 93323 46657

Info@amims.org or bolgonatajsociety@gmail.com

Website : www.amims.org  www.facebook.com/amimschool








প্রধান পৃষ্ঠপোষক
বিচারপতি মহ. আব্দুল গনি সাহেব
মাননীয় বিধায়ক ও প্রাক্তন চেয়ারম্যান
ওয়াকফ বোর্ড, পশ্চিমবঙ্গ
পশ্চিমবঙ্গ সরকার

স্কুলের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন পশ্চিমবঙ্গ সরকারের তৎকালীন সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দপ্তরের মাননীয় মন্ত্রী জনাব গিয়াস উদ্দিন মোল্লা সাহেব

স্কুলের বার্ষিক অনুষ্ঠানে বক্তব্য রাখছেন আলহাজ সেখ নুরুল হক, আই. এ. এস. সাহেব অবঃ অতিরিক্ত মুখ্য সচিব, পশ্চিমবঙ্গ সরকার ও মাননীয় চেয়ারম্যান, জি. ডি স্টাডি সার্কেল এবং প্রাক্তন-চেয়ারম্যান, পি. এস. সি., পশ্চিমবঙ্গ

## ঃ এ. এম. ইসলামিক মডেল স্কুল -এর বৈশিষ্ট্য ঃ

- পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা সংসদ এবং পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ পাঠক্রম অনুসারে পঠন-পাঠন ।
- স্কুলের দিন (মর্ণিং সেশন) ঃ শনিবার থেকে বুধবার, বৃহস্পতিবার (১ম, ৩য়, ৫ম), শুক্রবার (পূর্ণ-দিবস বন্ধ) ।
  সময় ঃ সকাল ০৬:৩০ টা থেকে সকাল ১০:৩০ টা (মর্ণিং সেশন)
- স্কুলের দিন (ডে সেশন) ঃ শনিবার থেকে বৃহস্পতিবার, রবিবার (১ম, ৩য়, ৫ম) এবং শুক্রবার (পুর্ণ-দিবস বন্ধ),
  সকাল ১০:৪৫ টা থেকে বৈকাল ০৪:০০ টা । (ঋতু অনুযায়ী স্কুলের সময় পরিবর্তিত হবে, ইন-শা-আল্লাহ) ।
- স্কুলের নিজস্ব বিল্ডিং এবং মনোরম পরিবেশ ।
- প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক / শিক্ষিকার দ্বারা শিক্ষাদান এবং সর্বাঙ্গীন উন্নতির জন্য স্কুল কর্তৃপক্ষ, শিক্ষক / শিক্ষিকাদের যৌথ অক্লান্ত পরিশ্রম এবং নিয়মিত মেডিকেল চেক-আপ ও স্বাস্থ্য সচেতনতা শিবির ।
- শিক্ষার্থী শিক্ষক/শিক্ষিকার অনুপাত ২৫ ঃ ১ এবং ২৪ X ৭ দিন সহায়তা প্রদান এবং পুল কারের ব্যবস্থা আছে ।
- কোরআন ও হাদিসের আলোকে অত্যাধুনিক সৃজনশীল শিক্ষা ব্যবস্থা এবং ইংরাজি ও অংকের (অ্যাবাকাস) উপর বিশেষ গুরুত্ব প্রদান।
- স্নেহ-ভালোবাসা ও আন্তরিকতার মাধ্যমে ছাত্র-ছাত্রীদের শিক্ষা প্রদান ।
- অন-লাইনে সি. সি. টি. ভি. ক্যামেরার (Live footage) মাধ্যমে ছাত্র-ছাত্রীদের নিরাপত্তা ও পড়াশোনার প্রতি নজর রাখা।
- Aqua-guard Filter এর মাধ্যমে পরিশোধিত / বিশুদ্ধ পানীয় জল পরিষেবা প্রদান ।
- ছাত্র-ছাত্রীদের আচার-আচরণ, সৌজন্য-শিষ্টাচার, পিতা-মাতা/গুরুজনের প্রতি দায়িত্ব, কর্তব্য, সামাজিক দায়বদ্ধতা, ইসলামিক আদব-কায়দা শেখানো ইত্যাদির উপর প্রশিক্ষণ দেওয়া হয় ।
- অভিভাবকদের গঠনমূলক উপদেশ অতি সহজে বাস্তবে রূপ দেওয়ার চেষ্টা করা হয়, যাতে ছাত্র-ছাত্রীরা ভবিষ্যৎ-এ উন্নতি করতে পারে ।
- প্রত্যেক সপ্তাহে শারীর শিক্ষার উপর প্র্যাকটিক্যাল ক্লাস করানো হয় ।
- পিছিয়ে পড়া ছাত্র-ছাত্রীদের এগিয়ে নিয়ে যেতে স্পেশাল ক্লাসের (রেমিডিয়াল ক্লাস) ব্যবস্থা করা হয় ।
- বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান ও বার্ষিক শিক্ষামূলক ভ্রমণের ব্যবস্থা করা হয় ।
- ছাত্র-ছাত্রীদের পড়াশোনায় মনোযোগী ও একঘেয়েমি দূর করতে প্রোজেক্টর / কম্পিউটার-এর মাধ্যমে শিক্ষামূলক অনুষ্ঠানের ব্যবস্থা করা হয় ।
- প্রত্যেক সপ্তাহে শারীর শিক্ষা, স্পিকিং পাওয়ার ও পার্সোনালিটি ডেভেলপমেন্ট -এর ট্রেনিং করানো হয় ।
- দ্বীনিয়াত (মুনাজ্জাম মক্তব) ও আরবি শিক্ষার উপর বিশেষ গুরুত্ব প্রদান ।
- প্রতি দুই সপ্তাহ অন্তর স্কুল কর্তৃপক্ষ, স্কুলের উপদেষ্টা মন্ডলী সহ শিক্ষক-শিক্ষিকাদের নিয়ে মিটিং করা এবং প্রতিটি ছাত্র-ছাত্রীর পড়াশোনার খোঁজ খবর রাখা ও নির্দিষ্ট খাতায় লিপিবদ্ধ করা হয় ।
- প্রত্যেক দুই মাস অন্তর স্কুল কর্তৃপক্ষ / শিক্ষক-শিক্ষিকা-দের সঙ্গে গার্জেন (অভিভাবক/অভিভাবিকা)-দের মিটিং করা হয় ।
- প্রত্যেক দিন ছাত্র-ছাত্রীদের স্কুল ইউনিফর্ম, আই ডি কার্ড চেক করা এবং অনুপস্থিত থাকলে অভিভাবক/অভিভাবিকা দের ফোন কল করে জানানো ও নির্দিষ্ট খাতায় লিপিবদ্ধ করা হয় ।
- নিয়মিত স্কুলের নিজস্ব ওয়েবসাইট-এ সমস্ত রকম তথ্য আপলোড করা এবং হোয়াটসঅ্যাপ গ্রুপের মাধ্যমে ঐ তথ্য অভিভাবক/অভিভাবিকা দের জানানো হয় ।
- আবাসিক ছাত্র-ছাত্রীদের জন্য দৈনিক পাঁচ ওয়াক্ত জামাতের সঙ্গে নামাজ পড়ানো এবং সুষম ও পুষ্টিকর খাদ্য প্রদান ।
- সর্বোপরি আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা ও তাঁর রসুল (স:) -এর উপর পূর্ণ আস্থা ও বিশ্বাস ।

## ঃ এ. এম. ইসলামিক মডেল স্কুল -এর পরবর্তী প্ল্যান ও পরিকল্পনা ঃ

- উচ্চ-মাধ্যমিক পর্যন্ত পড়াশোনা করানোর ব্যবস্থা করা হবে, ইন-শা-আল্লাহ ।
- আগামীতে স্কুলের নিজস্ব ক্যাম্পাসের মধ্যে হোস্টেল, মসজিদ, খেলার মাঠ, অডিটোরিয়াম, লাইব্রেরী, ছাত্র-ছাত্রীদের আলাদা ক্লাসের প্রভৃতির ব্যবস্থা করা ।
- দুঃস্থ , মেধাবী ও ইয়াতিম ছাত্র-ছাত্রীদের বেশী বেশী কর পঠন-পাঠনের সুযোগ করে দেওয়া এবং ঈদের সময় বস্ত্র-উপহার প্রদান করা ।
- স্বাস্থ্য পরিষেবা কেন্দ্র স্থাপন করা ।
- ছাত্র-ছাত্রীদের যাতায়াতের জন্য **AMIMS**-এর নিজস্ব স্কুল বাস চালু করা ।
- দুঃস্থ , মেধাবী ও ইয়াতিম ছাত্র-ছাত্রীদের টিফিনের ব্যবস্থা করা ।
- বিভিন্ন প্রতিযোগিতা মূলক পরীক্ষা (রাজ্য ও কেন্দ্র সরকার) যেমন -**PSC, SSC, MSC, RAIL, UPSC** বিভিন্ন পরীক্ষার অংশ গ্রহণের জন্য বিশেষ কোচিং-এর ব্যবস্থা করা ।

আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা যেন আমাদের উপরিউক্ত লক্ষ্য/পরিকল্পনাগুলি খুব শীঘ্রই বাস্তবায়িত করার তৌফিক দান করেন।

----আমিন-সুম্মা আমিন ।



## প্রধান পৃষ্ঠপোষক

# বিচারপতি মহ. আব্দুল গনি সাহেব, বিধায়ক

মাননীয় প্রাক্তন চেয়ারম্যান (রাজ্য সরকারের মন্ত্রীর পদমর্যাদাপ্রাপ্ত)
ওয়াকফ বোর্ড, পশ্চিমবঙ্গ সরকার এবং
প্রেসিডেন্ট
বলগোনা তাজ এডুকেশন এ্যান্ড ওয়েলফেয়ার সোসাইটি


*Justice Md. Abdul Ghani*
MLA & Ex-Chairman
Board of Auqaf, West Bengal
(Enjoying Minister Status)
Government of West Bengal

Annapurna Bhavan
Flat No.-101 (1st Floor)
PS-AJC Bose, Botanic
Garden, Howrah-711 109

6/2, Madan Street


Ref. No.........................................

Date ২৫/০৯/২০২৪

আসসালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহ ওয়া বারাকাতুহ ,

**বলগোনা তাজ এডুকেশন ও ওয়েলফেয়ার সোসাইটি, গভ. রেজি. নং-এসও ১৪১৪৩৭ (সাল ২০০৬),** পরিচালিত **"এ. এম. ইসলামিক মডেল স্কুল"** টি আর্বিভূত হয়েছে ইং- ১লা জানুয়ারী, ২০১৭ সালে এবং এই অল্পদিনের মধ্যে স্কুলটি স্থানীয় মানুষদের এবং কচিকাচাদের মনকে আকৃষ্ট করেছে, ফলে বর্তমানে স্কুলটির ছাত্র-ছাত্রীর সংখ্যা উল্লেখযোগ্য ভাবে বেড়েছে । বর্তমানে লোয়ার নার্সারি থেকে মাধ্যমিক (Class-X) পর্যন্ত কচিকাচাদের শিক্ষালাভের ও প্রথম শ্রেণি থেকে মাধ্যমিক এর ছাত্র-ছাত্রীদের জন্য আবাসিক এর সুবন্দোবস্ত রয়েছে এবং অদূর ভবিষ্যতে ক্রমশঃ অত্র শিক্ষা প্রতিষ্ঠানটিকে উচ্চ মাধ্যমিক Level পর্যন্ত এগিয়ে নিয়ে যাওয়া বিশেষ প্রয়োজন ।

বিদ্যালয়টিতে ইসলামিক শিক্ষা সহ বর্তমান স্কুল বোর্ড কর্তৃক অনুমোদিত সমস্ত বিষয় শিক্ষা দেওয়া হয় অত্যন্ত শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতার মাধ্যমে । আপনাদের সাহায্য ও সহযোগিতায় এবং অসংখ্য শুভানুধ্যায়ীদের নেক দোওয়া এবং পরম করুণাময় আল্লাহর মেহেরবানীতে স্কুলটি যেভাবে এগোতে শুরু করেছে, ইনশা আল্লাহ, আসন্ন কয়েক বছরের মধ্যেই সমাজের সমস্ত শ্রেনীর মানুষ স্কুলটির পরিচিতি এবং সাফল্য অনুধাবন করতে পারবেন বলেই আমার প্রত্যাশা এবং দৃঢ় বিশ্বাস ।

স্কুলটির শুভ অগ্রগতি ও আর্কষনীয় সাফল্য কামনা করে এবং ইহার ক্রমবর্দ্ধমান সুখ্যাতি আশা করে পরম করুণাময় আল্লাহ পাকের কাছে দোওয়া করছি যেন প্রতিষ্ঠানটির সাফল্যের জন্য কর্তৃপক্ষের এবং স্থানীয় হিতৈষীগনের মনস্কামনা পূর্ণ হয় এবং অত্র এলাকার মানুষের শিক্ষার মান উন্নত হয় ।

আমিন........................সুম্মা আমিন ।।

ধন্যবাদান্তে,
(অব: বিচারপতি মহঃ আব্দুল গনি)
মাননীয় বিধায়ক ও প্রাক্তন চেয়ারম্যান
ওয়াকফ বোর্ড, পশ্চিমবঙ্গ
পশ্চিমবঙ্গ সরকার

তারিখ : ২৫/০৯/২০২৪

# ঃ এ. এম. ইসলামিক মডেল স্কুল -এর সংবিধান ঃ

- অভিভাবক বা অভিভাবিকাগণ এ. এম. ইসলামিক মডেল স্কুল (**AMIMS**) এর সমস্ত নিয়মাবলী ( যা বিভিন্ন সময়ে পরিবর্তিত হতে পারে) মানতে বাধ্য থাকবেন ।
- **AMIMS** -এর প্রত্যেক ছাত্র-ছাত্রীর পিতা-মাতা/ গার্জেনকে অবশ্যই পাঁচ ওয়াক্ত নামাজী হতে হবে ।
- গার্জেন মিটিং -এ পিতা অথবা মাতা কিংবা পরিবারের কোন একজন প্রতিনিধি কে পাঠাতে হবেই ।
- ছাত্র-ছাত্রীদের লেখা-পড়া, পরীক্ষা এবং ক্লাস অগ্রগতি বা অবনতি, একই ক্লাসে রেখে দেওয়া, আচার-আচরণ ও তাদের সার্বিক উন্নতি সর্বক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত এবং অভিভাবকগণ তা মানতে বাধ্য থাকবেন ।
- স্কুল ড্রেস (ইউনির্ফম) পরিধান Identity Card সহ না পরলে ছাত্র-ছাত্রী কে শ্রেনিকক্ষে প্রবেশ করতে দেওয়া হবে না ।
- প্রতিটি ছাত্র-ছাত্রী ব্যক্তিগত ভাবে তার সমস্ত জিনিস পত্রের যত্ন নিতে বাধ্য থাকবে ।
- ছাত্র-ছাত্রী-রা কোন মোবাইল, ঘড়ি, সোনার জিনিস, ক্যামেরা, টেপ-রেকর্ডার, আইপড, ছুরি, ব্লেড, টাকা পয়সা ইত্যাদি দামী জিনিসপত্র নিয়ে শ্রেণিকক্ষে / হোস্টেল- এ প্রবেশ করতে পারবে না।
- কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ছাত্র-ছাত্রীদের স্কুল ক্যাম্পাসের বাইরে নিয়ে যাওয়া বা দেখা করা যাবে না । (ব্যতিক্রম ছুটির পর)
- পর পর দুই মাসের বেতন বকেয়া হলে স্কুলের রেজিস্টার থেকে ছাত্র-ছাত্রীর নাম কাটা যাবে । টি. সি. না নিয়ে, যদি কোন ছাত্র-ছাত্রী দীর্ঘ দিন স্কুলে / হোস্টেলে না এলে তার সমস্ত মাসিক ফি প্রদান করতে হবে । সেক্ষেত্রে স্কুল পরিচালকের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে ।
- ভর্তির পর কোন ছাত্র-ছাত্রী স্কুলে না এলে তার প্রদত্ত ফি ফেরতযোগ্য নয় ।
- প্রত্যেক মাসে ৭ তারিখের মধ্যে স্কুলের নির্দিষ্ট মাসিক ফি দাখিল করতে হবে । ৭ তারিখের পর দাখিল করলে ৫০ টাকা ও ২০ তারিখের পর করলে ১০০ টাকা ফাইন দিতে হবে ।
- কোন ছাত্র-ছাত্রীকে স্কুল থেকে অন্যত্র ভর্তি করার ইচ্ছা করলে নূন্যতম এক মাস পূর্বে (কারনসহ) দরখাস্ত জমা দিতে হবে এবং অগ্রিম এক মাসের বেতন জমা দিতে হবে ।
- কোন ছাত্র-ছাত্রী সংক্রামক ব্যাধি জনিত কারণে আক্রান্ত হলে সম্পূর্ণ সুস্থ হওয়ার পর ডাক্তারের লিখিত অনুমতি সাপেক্ষে তাকে পুন:রায় স্কুলে যোগদান করতে দেওয়া হবে । সম্পূর্ণ সুস্থ্য হওয়ার পর এক সপ্তাহের মধ্যে স্কুলে যোগদান না করলে তাকে স্কুল থেকে বহিস্কৃত বলে গন্য হবে । পুন:রায় ভর্তি হতে চাইলে তাকে আবার নতুন ভাবে ভর্তি ফি দিয়ে ভর্তি হতে হবে ।
- বিনা কারনে ছাত্র-ছাত্রীদের যখন-তখন স্কুলে অনুপস্থিতি শৃঙ্খলা ভঙ্গের কারণ হিসাবে বিবেচিত করা হবে এবং তার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহন করা হবে ।
- **AMIMS** -এর সমস্ত নিয়ম শৃঙ্খলা ছাত্র-ছাত্রীদের / অভিভাবক বা অভিভাবিকাগণ কঠোর ভাবে মেনে চলতে হবে ।
- ঠিকানা বা ফোন নং পরিবর্তিত হলে অভিভাবকগণ স্কুলে জানাতে বাধ্য থাকবেন ।
- স্কুলের নির্দিষ্ট সময়ে অভিভাবক / অভিভাবিকাগণ, স্কুলের সম্পাদক/প্রিন্সিপাল/হেডমাস্টার/টি.আই.সি/শিক্ষক/শিক্ষিকা-র সঙ্গে দেখা করতে পারবেন ।
- আবাসিক শিক্ষার্থীদের ভর্তির সময় খাট স্কুল থেকে দেওয়া হবে । এছাড়া অন্যান্য ব্যক্তিগত ব্যবহার্য সামগ্রী প্রতিটি শিক্ষার্থীর সঙ্গে নিয়ে আসতে হবে, যেমন - তোষক, বালিশ, মশারি, বিছানার দুটি চাদর, নরম কাপড়ের নামাজ পাটি, মাঝারি বাক্স, তালা-চাবি, খাবার প্লেট, গ্লাস, দু-সেট সাধারণ প্যান্ট শার্ট, এক সেট সাদা পাজামা-পাঞ্জাবি-টুপি (ছাত্রদের) বা সালোয়ার-কামিজ-ওড়না, হিজাব, বোরখা (ছাত্রীদের), এক সেট খেলার পোশাক, এক জোড়া হাওয়াই চপ্পল বা স্যান্ডেল, তোয়ালে, তেল, সাবান, টুথপেস্ট, ব্রাশ, শীতের লেপ-কম্বল, ছাতা ইত্যাদি । শিক্ষার্থীদের শর্টস, নাইটি ব্যবহারের অনুমতি নেই ।
- আবাসিক শিক্ষার্থীর সঙ্গে সাক্ষাৎ করাতে পারেন তার অভিভাবক/অভিভাবিকা বা তাঁর প্রতিনিধি শুধুমাত্র রবিবার (দ্বিতীয় ও চতুর্থ) সকাল ১১ টা থেকে সন্ধ্যা ৬ টার মধ্যে । শিক্ষার্থীর সঙ্গে টেলিফোনে কথা বলা যাবে শুধুমাত্র শুক্রবার (দ্বিতীয় ও চতুর্থ) সকাল ৯:৩০ টা থেকে সন্ধ্যা ৫:৩০ টা পর্যন্ত । অভিভাবক/অভিভাবিকা শিক্ষার্থীর সঙ্গে সাক্ষাৎকার করতে পারবেন ভিজিটার্স রুমে । হোস্টেলে অভিভাবক/অভিভাবিকা দের যাওয়ার অনুমতি থাকছে না । মোবাইল ফোন নিয়ে শিক্ষার্থীদের সঙ্গে সাক্ষাৎ করা যাবে না ।
- শুধুমাত্র রান্না করা বাইরের খাবার শিক্ষার্থীকে দেওয়ার অনুমতি থাকছে । এছাড়া অন্য কোন খাবারের প্যাকেট বিশেষ করে ফাস্ট ফুড, জাঙ্ক ফুড, চিপস, চানাচুর, বিস্কুট প্রভুতি এরবারে স্কুলে / হোস্টেলে নিয়ে আসা কঠোরভাবে নিষিধ ।

## স্কুলের ড্রেস (ইউনির্ফম)

### ছাত্রের ড্রেস

মেরুন, ব্লু, ধূসর মিশ্রিত চেক
ফুল জামা
ধূসর ফুল প্যান্ট
বেল্ট
টাই
কালো জুতো
নীল মোজা
ইসলামিক টুপি (সাদা)
সোয়েটার



### ছাত্রীর ড্রেস

মেরুন, ব্লু, ধূসর মিশ্রিত চেক
ফুলহাতা জামা
ধূসর ফুল পায়জামা
হিজাব
কালো জুতো
নীল মোজা
সোয়েটার
কালো বোরখা
(পঞ্চম শ্রেণী থেকে)



# ঃ ভর্তি সংক্রান্ত নির্দেশিকা ঃ

ভর্তির ফর্ম দেওয়া হবে ৩০ সেপ্টেম্বর, ২০২৪ থেকে ঃ নার্সারি থেকে নবম শ্রেণি পর্যন্ত (ছাত্র ও ছাত্রীদের), ইন-শা-আল্লাহ

ভর্তির বয়স ঃ ৩ বছর থেকে ১৫ বছর পর্যন্ত , ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ ঃ ১০ নভেম্বর, ২০২৪ (10/11/2024)

ভর্তির জন্য মেধা মূল্যায়ন নেওয়ার তারিখ ঃ ১৫ নভেম্বর, ২০২৪ (15/11/2024) সময় ঃ সকাল ১০:৩০ টা, স্থান-স্কুল ভবন

পরীক্ষার সিলেবাস (পঞ্চম থেকে নবম শ্রেণি) ঃ বাংলা - ২০ নম্বর, ইংরেজি - ২০ নম্বর, অঙ্ক - ২০ নম্বর, সাধারন জ্ঞান ও মানসিক দক্ষতা - ১০ নম্বর, পরিবেশ/ভূগোল/ইতিহাস - ২০ নম্বর, ইসলামিক জ্ঞান - ১০ নম্বর

পরীক্ষার সিলেবাস (প্রথম থেকে চতুর্থ শ্রেণি) ঃ বাংলা - ২৫ নম্বর, ইংরেজি - ২৫ নম্বর, অঙ্ক - ২৫ নম্বর
স্বাস্থ্য ও শারীর শিক্ষা / বিজ্ঞান - ১৫ নম্বর, ইসলামিক জ্ঞান - ১০ নম্বর

ভর্তি শুরু ঃ ২০ নভেম্বর, ২০২৪ (20/11/2024) থেকে ২০ ডিসেম্বর, ২০২৪ (20/12/2024) পর্যন্ত

মেধা মূল্যায়ন-এর ফলাফল প্রকাশিত হবে ঃ ১৭ নভেম্বর, ২০২৪ (17/11/2024), ক্লাস আরম্ভ ঃ ২ জানুয়ারি, ২০২৫

অন-লাইনে ভর্তির জন্য আবেদন করতে পারবেন www.amims.org/admission

ঃ অ্যাডমিশন ফর্মের ফি ঃ
১৫০ টাকা মাত্র

## স্কুল ফি

| শ্রেণি | অনাবাসিক | | আবাসিক | |
|---|---|---|---|---|
| | ভর্তি ফি | মাসিক ফি | ভর্তি ফি | মাসিক ফি |
| লোয়ার নার্সারি | ১২০০ টাকা | ৪৫০ টাকা | | |
| আপার নার্সারি | ১২০০ টাকা | ৪৫০ টাকা | | |
| কে.জি. | ১২০০ টাকা | ৪৫০ টাকা | | |
| প্রথম শ্রেণি | ১৫০০ টাকা | ৫০০ টাকা | ১৭,০০০ টাকা | ৩৬০০ টাকা |
| দ্বিতীয় শ্রেণি | ১৫০০ টাকা | ৫০০ টাকা | ১৭,০০০ টাকা | ৩৬০০ টাকা |
| তৃতীয় শ্রেণি | ১৫০০ টাকা | ৫৫০ টাকা | ১৭,০০০ টাকা | ৩৭০০ টাকা |
| চতুর্থ শ্রেণি | ১৫০০ টাকা | ৫৫০ টাকা | ১৭,০০০ টাকা | ৩৭০০ টাকা |
| পঞ্চম শ্রেণি | ১৮০০ টাকা | ৮৫০ টাকা | ১৮,০০০ টাকা | ৩৮০০ টাকা |
| ষষ্ঠ শ্রেণি | ১৮০০ টাকা | ৯০০ টাকা | ১৮,০০০ টাকা | ৩৮০০ টাকা |
| সপ্তম শ্রেণি | ২০০০ টাকা | ৯৫০ টাকা | ১৯,০০০ টাকা | ৩৯০০ টাকা |
| অষ্টম শ্রেণি | ২০০০ টাকা | ১০৫০ টাকা | ১৯,০০০ টাকা | ৪০০০ টাকা |
| নবম শ্রেণি | ২২০০ টাকা | ১১৫০ টাকা | ২০,০০০ টাকা | ৪৩০০ টাকা |
| দশম শ্রেণি | ২২০০ টাকা | ১২৫০ টাকা | ২০,০০০ টাকা | ৪৪০০ টাকা |

রি-অ্যাডমিশন ফি (পুরানো ছাত্র-ছাত্রীদের জন্য) ঃ ৭৫০০ টাকা

**বিঃ দ্র ঃ বই, ড্রেস ও ব্যাগ আলাদা নিতে হবে ❖❖❖ ইয়াতিম, দুঃস্থ ও গরীর মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য বিশেষ সুবিধা আছে**

**পুল কারের ব্যবস্থা আছে ।**

**যাওয়া ও আসার জন্য গাড়ি ভাড়া ঃ ৪ কি. মি. এর মধ্যে দূরত্ব হলে ৫০০ টাকা, ১০ কি. মি. এর মধ্যে দূরত্ব হলে ৬০০ টাকা এবং ১৫ কি. মি. এর মধ্যে দূরত্ব হলে ৭০০ টাকা আলাদা দিতে হবে ।**



স্কুলের ওয়েবসাইট উদ্বোধন করছেন মাননীয় মন্ত্রী গিয়াস উদ্দিন সাহেব



সিসিটিভি -র মাধ্যমে পড়াশুনা ও নিরাপত্তার উপর তীক্ষ্ণ নজরদারি

## Administrative-in-Council

১) জনাব জুলফিক্কার হাসান, ডব্লিউ. বি. সি .এস (কার্য)
একান্ত সচিব, পরিবেশ দপ্তরের মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রীর

২) জনাব সেখ মহম্মদ ইব্রাহিম, ডব্লিউ. বি. সি .এস (কার্য), অব:
অবসরপ্রাপ্ত সরকারি আধিকারিক

৩) জনাব সাইন আলম সরদার, ডব্লিউ. বি. আর. এস.
অ্যাসিস্ট্যান্ট কমিশনার অফ রেভিনিউ, অর্থ দপ্তর, প: ব: সরকার

৪) জনাব জিন্দার আলি, ডব্লিউ. বি. এস. এল. আর. এস.
রাজস্ব আধিকারিক, ভূমি ও ভূমি সংস্কার দপ্তর, প: ব: সরকার

৫) জনাব আবুল হোসেন মন্ডল
কর্মরত, পশ্চিমবঙ্গ রাজ্য হজ কমিটি, প: ব: সরকার &
সম্পাদক, বলগোনা তাজ এডুকেশন ও ওয়েলফেয়ার সোসাইটি

৬) হাজী নাইয়ার আলাম
সম্পাদক, বর্ধমান আন্জুমান খাদেমুল হুজ্জাজ কমিটি

৭) মোহতারমা জয়নাব খাতুন
প্রাক্তন একাডেমিক হেড, এ. এম. ইসলামিক মডেল স্কুল

## Academic-in-Council

১) জনাব কাজী এনামুল হক
প্রিন্সিপাল, এ. এম. ইসলামিক মডেল স্কুল

২) মহঃ শারিক ইমরোজ
অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, বানিজ্য বিভাগ, কলকাতা বিশ্ব বিদ্যালয়

৩) আলহাজ কারি মৌলানা সেখ মহ: জামাল উদ্দিন
প্রাক্তন সিনিয়র শিক্ষক, কদমপুকুর সিনিয়র মাদ্রাসা, কাটোয়া

৪) মৌলানা নাসির উদ্দিন মন্ডল
ইন-চার্জ, মর্ণিং সেশন, এ. এম. ইসলামিক মডেল স্কুল

৫) হাফেজ শারিফুল ইসলাম
অতিথি শিক্ষক, এ. এম. ইসলামিক মডেল স্কুল

৬) ডাঃ সরিফুল ইসলাম
ম্যানেজিং ডিরেক্টর, ইসলামিক নোবেল স্কুল, মুর্শিদাবাদ

৭) জনাব আবুল হাসান মন্ডল
সম্পাদক, এ. এম. ইসলামিক মডেল স্কুল

## দৈনিক সময় সূচী (শুধুমাত্র আবাসিক শিক্ষার্থীর জন্য)

| | | | |
|---|---|---|---|
| ভোর | ০৫:০০ | মিনিট | ঃ ফজরের আজান |
| ভোর | ০৫:১০ | মিনিট | ঃ ঘুম থেকে ওঠা |
| ভোর | ০৫:২৫ | মিনিট | ঃ ফজরের নামাজ (জামাত সহ) |
| সকাল | ০৫:৪০-০৬:১০ | মিনিট | ঃ তেলওয়াতে কোরআন / তালিম |
| সকাল | ০৬:১০-০৬:৪০ | মিনিট | ঃ শরীর চর্চা (ব্যায়াম) |
| সকাল | ০৬:৪০-০৭:০০ | মিনিট | ঃ সকালের টিফিন |
| সকাল | ০৭:০০-১০:০০ | মিনিট | ঃ শিক্ষক / শিক্ষিকার তত্ত্বাবধানে কোচিং |
| সকাল | ১০:০০-১০:৪০ | মিনিট | ঃ সকালের নাস্তা / স্নান |
| সকাল | ১০:৪৫- দুপুর ০১:০০ | মিনিট | ঃ বিদ্যালয়ের ক্লাস শুরু (পঞ্চম শ্রেণী থেকে দশম শ্রেণী) |
| দুপুর | ০১:১৫-০১:৩০ | মিনিট | ঃ জোহরের /জুম্মার নামাজ (জামাত সহ) |
| দুপুর | ০১:৩০-০২:০০ | মিনিট | ঃ দুপুরের খাবার |
| দুপুর | ০২:০০- বৈকাল ০৪:০০ | মিনিট | ঃ বিদ্যালয়ের ক্লাস শুরু (পঞ্চম শ্রেণী থেকে দশম শ্রেণী) |
| বৈকাল | ০৪:১৫-০৪:৩০ | মিনিট | ঃ আসরের নামাজ (জামাত সহ) |
| বৈকাল | ০৪:৩০- সন্ধ্যা ০৫:৪৫ | মিনিট | ঃ খেলা - ধুলা |
| সন্ধ্যা | ০৫:৪৫ - ০৬:০০ | মিনিট | ঃ সন্ধ্যার নাস্তা |
| সন্ধ্যা | ০৬:০০ - ০৬:১৫ | মিনিট | ঃ মাগরিবের নামাজ (জামাত সহ) |
| সন্ধ্যা | ০৬:১৫ - রাত্রি ০৯:১৫ | মিনিট | ঃ নিজ পড়া (শিক্ষক/শিক্ষিকার তত্ত্বাবধানে) |
| রাত্রি | ০৯:১৫ - ০৯:৩০ | মিনিট | ঃ এশার নামাজ (জামাত সহ) |
| রাত্রি | ০৯:৩০ - ০৯:৫০ | মিনিট | ঃ রাত্রির খাবার |
| রাত্রি | ১০:০০ - ভোর ০৫:০০ | মিনিট | ঃ ঘুমানো |

প্রথম শ্রেণী থেকে চতুর্থ শ্রেণী পর্যন্ত আবাসিক শিক্ষার্থীদের সকালে বিদ্যালয়ে ক্লাস করানো হয় ও দুপুরে শিক্ষক / শিক্ষিকার তত্ত্বাবধানে কোচিং করানো হয়।

* বিঃ দ্রঃ ঋতু পরিবর্তনের সঙ্গে সময় সূচীর পরিবর্তন ঘটবে। ** অনাবাসিক শিক্ষার্থীরা চেষ্টা করবে এই তালিকা মেনে চলতে ।।

## ঃ খাবারের তালিকা (শুধুমাত্র আবাসিক শিক্ষার্থী / শিক্ষক / শিক্ষিকার জন্য) ঃ

| দিন | সকালের টিফিন 06:40 - 07:00 AM | সকালের নাস্তা 10:00 - 10:25 AM | দুপুরের খাবার 01:30 - 02:00 PM | সন্ধ্যার খাবার 05:45 - 06:00 PM | রাত্রির খাবার 09:30 - 09:50 PM |
|---|---|---|---|---|---|
| শনিবার | বড় টোস্ট (২ পিস) ও চা | আলুর তরকারি ও মুড়ি | মাছ, পুই শাক-আলু-কুমড়ো, ডাল, ভাত, লেবু ও লবন | ডিম বেরেস্তা ও চা | ডিম আলুর কোরমা, ডাল, ভাত |
| রবিবার | মেরী বিস্কুট (৪ পিস) ও চা | মুড়ি ও ঘুগনি | মাংস, মিক্সড সবজী, ডাল, ভাত, লেবু ও লবন | চপ মুড়ি ও চা | ছোলার ডাল মাংস- আলু, ভাত |
| সোমবার | ক্রিম ক্রেকার বিস্কুট (৩ পিস) ও চা | ছোলা ভোনা ও মুড়ি | ডিমের ঝোল, আলু-বেগুন সবজী, ডাল, ভাত, লেবু ও লবন | মশলা মুড়ি ও চা | পোস্ত আলু তরকারী, ডাল, ভাত |
| মঙ্গলবার | ব্রিটানিয়া বিস্কুট (৪ পিস) ও চা | মুড়ি ও ঘুগনি | মাংস, মিক্সড সবজী, ডাল, ভাত, লেবু ও লবন | ডিম বেরেস্তা ও চা | আলু ভর্ত্তা, পাঁপড়, চাটনি, ডাল, ভাত |
| বুধবার | বড় টোস্ট (২ পিস) ও চা | আলুর তরকারি ও মুড়ি | ডিমের ঝোল, মিক্সড সবজী, ডাল, ভাত, লেবু ও লবন | মশলা মুড়ি ও চা | সোয়াবিন আলু তরকারী, ডাল, ভাত |
| বৃহস্পতিবার | মেরী বিস্কুট (৪ পিস) ও চা | মুড়ি ও ঘুগনি | মাংস, মিক্সড সবজী, ডাল, ভাত, লেবু ও লবন | চপ মুড়ি ও চা | ডিম আলু ভুজিয়া, ডাল ভর্ত্তা, ভাত |
| শুক্রবার | টপ বিস্কুট (৪ পিস) ও চা | ছোলা ভোনা ও মুড়ি | মাংস, মিক্সড সবজী, ডাল, ভাত, লেবু ও লবন | মশলা মুড়ি ও চা | আলু ভর্ত্তা, পাঁপড়, চাটনি, ডাল, ভাত |

## অফ-লাইনে ফর্ম প্রাপ্তির স্থান

| জেলার নাম | সংস্থা / ব্যক্তির নাম | ঠিকানা | মোবাইল নং |
|---|---|---|---|
| পূর্ব বর্ধমান | এ. এম. ইসলামিক মডেল স্কুল | বলগোনা চটি, পূর্ব বর্ধমান | 93323 46657 |
| | ভারত সোপ কোম্পানি প্রো : আলহাজ নাইয়ার আলাম | পীর বাহারাম রোড, নতূনগঞ্জ, পূর্ব বর্ধমান | 80012 73111 |
| | শাহ অন-লাইন সার্ভিস | শাহ ভবন, রাইপুর, গলসী, পূর্ব বর্ধমান | 98009 05229 |
| | রোজ ব্রিক ফিল্ড (সেখ আব্দুল ) | শ্রীরামপুর, নাদনঘাট, পূর্ব বর্ধমান | 86176 47288 |
| | মৌলানা আসিম | কেশিয়া মাদ্রাসা পাড়া, কাটোয়া | 97753 73715 |
| বীরভূম | শ্রীমান এন্টারপ্রাইজ | মাদ্রাসা রোড, সিউড়ী, বীরভূম | 94343 24100 |
| পশ্চিম বর্ধমান | নিউ রাইট ওয়ে ফার্ণিচার | দিসেরগড়, আসানসোল, পশ্চিম বর্ধমান | 98322 38056 |
| নদিয়া | ওবাইদুর রহমান | ম্যারেজ রেজিস্টার অফিস থানার পাড়া, নদিয়া | 90642 86552 |
| বাঁকুড়া | গ্লোবাল অ্যাকাডেমি | বাঁকুড়া বাসস্ট্যান্ড, বাঁকুড়া | 89186 44451 |
| পুরুলিয়া | আজিম বুক ডিপো | বড় মসজিদ তলা পুরুলিয়া | 90644 45889 |
| হাওড়া | মুফতি মুজিবুর রহমান | উলুবেরিয়া, হাওড়া | 98361 66774 |
| হুগলী | সাজেদার রহমান হালদার | চুঁচুড়া, হুগলী | 94333 15170 |
| দক্ষিন ২৪ পরগনা | হাফেজ ইকরামুল হাসান মোল্যা | ঘটকপুকুর, দক্ষিন ২৪ পরগনা | 97352 15168 |
| উত্তর ২৪ পরগনা | বেঙ্গল মডেল চাইল্ড ইনস্টিটিউট | বেড়াচাঁপা, বারাসাত, উত্তর ২৪ পরগনা | 97335 27373 |
| কলকাতা | জুলফিকার আলি খান | জে. কে. কনসালট্যান্ট, কলকাতা | 98369 64060 |
| | নিউ লেখা প্রকাশনী | ৫৭/ডি, কলেজ স্ট্রীট | 98307 39465 |

| জেলার নাম | সংস্থা / ব্যক্তির নাম | ঠিকানা | মোবাইল নং |
|---|---|---|---|
| মুর্শিদাবাদ | ইসলামিক নোবেল স্কুল | উত্তর পাড়া মোড়, বহরমপুর, মুর্শিদাবাদ | 97755 42043 |
| | আদর্শ লাইব্রেরী | বাসুদেবপুর (স্টেশন রোড), ধুলিয়ান, মুর্শিদাবাদ | 91263 08310 |
| | হাজি এ. কে. এম. ডালিম | সালার ১নং রেল গেট অফিস পাড়া, সালার | 94348 57505 |
| | জসিমউদ্দিন মন্ডল | ডোমকল ব্রিজ মোড়, ডোমকল, মুর্শিদাবাদ | 90641 19283 |
| | রোটারি আই হসপিটাল মহঃ ওসিকুর রহমান | বেলডাঙ্গা, মুর্শিদাবাদ | 97335 46191 |
| মালদা | মডেল বুক ডিপো | ২৯/২এ/৩৩ কৃষ্ণ জীবন সান্যাল রোড, মালদা | 74074 64968 |
| | সোনালি বুক ডিপো | সুজাপুর, মালদা | 94743 47173 |
| দক্ষিন দিনাজপুর | টেকচাঁদ & গ্রান্ডসনস | বালুরঘাট, দক্ষিন দিনাজপুর | 99338 18196 |
| উত্তর দিনাজপুর | আলহাজ আকবর আলি সরকার | হেমতাবাদ, উত্তর দিনাজপুর | 94343 73623 |
| দার্জিলিং কালিম্পং | মহ. শাহানাওয়াজ | শিলিগুড়ি, দার্জিলিং | 99320 49385 |
| কোচবিহার | নূর উদ্দিন মন্ডল | রেল গুমটি ওয়ার্ড নং- ৯ | 94346 43831 |
| জলপাইগুড়ি আলিপুরদুয়ার | আহাসান হাবিব (ফারুক) | ক্রান্তি হাট, মাল বাজার, জলপাইগুড়ি | 96099 11088 |
| মেদিনীপুর ঝাড়গ্রাম | ওয়েদুল হক | পিংলা, মেদিনীপুর | 94331 57733 |

# ঃ স্কুলের ফটো গ্যালারি ঃ




স্কুলের শুভ সূচনা অনুষ্ঠানে বক্তব্য রাখছেন মাননীয় বিচারপতি (অব:) মহ আব্দুল গনি সাহেব, বিধায়ক এবং চেয়ারম্যান, ওয়াকফ বোর্ড, পশ্চিমবঙ্গ, যিনি স্কুলের প্রধান পৃষ্ঠপোষকও



আলহাজ সেখ নুরুল হক, আই. এ. এস (অব), প্রাক্তন অতিরিক্ত মুখ্য সচিব, প: ব: সরকার ও চেয়ারম্যান, জি. ডি. স্টাডি সার্কেল স্কুলের বার্ষিক অনুষ্ঠানে



জনাব মহ. মোতালেব আলি সরদার, WBCS (Exe)
প্রাক্তন বিশেষ সচিব এবং অধিকর্তা, সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দপ্তর




স্কুলের শুভ সূচনা অনুষ্ঠানে বক্তব্য রাখছেন তৎকালীন মহাকুমা শাসক (বর্ধমান উত্তর) মহাশয়
জনাব মুফতি শামিম শওকত সাহেব, WBCS (Exe)




স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় স্থানাধিকারিদের কে সনদপত্র প্রদান ।



আলহামদুল্লিলাহ, স্কুলের নিজস্ব বিল্ডিং



স্বাধীনতা দিবস উৎযাপনের সময় স্কুলের ছাত্র-ছাত্রীরা

## স্কুলের পথ নির্দেশিকা

ট্রেন রুট ঃ বর্ধমান স্টেশন বা কাটোয়া স্টেশন থেকে বলগোনা স্টেশন -এ নামতে হবে ।
বাস রুট ঃ বর্ধমান - কাটোয়া / কাটোয়া-বর্ধমান / গুসকরা-বলগোনা / বহরমপুর-বর্ধমান প্রভৃতি বাসে বলগোনা বাসস্ট্যান্ডে নামতে হবে ।

